# উল্লাপাড়া উপজেলা পরিষদের জানুয়ারি -২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ মনিরুজ্জামান
চেয়ারম্যান (অস্থায়ী), উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, উল্লাপাড়া।

সভার তারিখ ঃ ২২-০১-২০২৪ খ্রিঃ । সময় ঃ সকাল ০৯.৩০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট " ক " তে এবং উপজেলার সকল বিভাগীয় কর্মকর্তাদের উপস্থিতি তালিকা পরিশিষ্ট " খ" তে সংযুক্ত।

সভাপতি সভায় উপস্থিত উপজেলা পরিষদের মাসিক সভার সম্মানিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী অনুমোদন | ডিসেম্বর/২০২৩ মাসের কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অদ্যকার সভায় তা অনুমোদন করা হলো। | সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি |
| ০২ | গত সভায় গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | ডিসেম্বর/২০২৩ মাসের মাসিক সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নাধীন আছে। | সংশ্লিষ্ট সকল বিভাগ ও কমিটি |
| ০৩ | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া**<br><br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া নিম্নোক্তভাবে তার দপ্তরের কার্যক্রমের বিষয়ে সভাকে অবহিত করেন। উপজেলার মোট ৬৮টি কমিউনিটি ক্লিনিক চালু আছে। ০১ টি নির্মাণাধীন আছে। সিএসবিএ (মাঠ) সেবা খাতে ১৬ জনের প্রশিক্ষণ আছে । এ এনসি ১-১৩৬, এ এনসি২-৯০, এ এনসি৩-৮৬, এ এনসি৪-৭০। হাসপাতালে ই ও সি সেবা খাতে প্রতিবেদনাধীন মাসে এনভিডি ৬৬ জন, সিজার ১১ জন। যক্ষা ও কুষ্ঠ সেবা খাতে যক্ষা পরীক্ষা ৯৮৭ জন, কেস ৮২জন, লেপ্রসি ৮, কেস শুন্য। এ আর আই রোগী সেবা ৯৩ জন। ডায়রিয়া সেবা ১৯৫ জন। জন্ম ৯৪৬ জন, মৃত্যু ১৫১ জন। চিকিৎসা প্রাপ্ত রোগী বহিঃ ৬৮৪৯ জন, অন্তঃ ৪৮০ জন, জরুরী ১৫৬৪ জন। ইপিআই সেবা ৯৭%, বেড অকুপেন্সি রেট ৯১%। ভায়া ও সিবিই পরীক্ষা ভায়া ১৫২ (+৫) সিবিই ১৫২ (+২)। ভায়া ও সিবিই পরীক্ষা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হতে সম্পূর্ণ বিনামূল্যে করা হয়। বিষয়টি বহুল প্রচার নিশ্চিত করার জন্য তিনি উপস্থিত ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | ভায়া ও সিবিই পরীক্ষা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হতে সম্পূর্ণ বিনামূল্যে করা হয়। বিষয়টি বহুল প্রচার নিশ্চিত করার জন্য উপস্থিত ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৪ | **উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়া**<br>উপজেলা প্রাণি সম্পদ দপ্তর কর্তৃক চলতি মাসে গবাদি পশুর চিকিৎসা প্রদান ১৪৪০ টি, গবাদি পশুর টিকা প্রদান ৪২৯৬ টি, হাঁস মুরগীর চিকিৎসা প্রদান ১৫৭২০ টি, হাঁস মুরগীর টিকা প্রদান ১০৩০০০, কৃত্রিম প্রজনন ১৩৬৫ টি, টিকা বিক্রি বাবদ টাকা ৩৪৯৭৫/-। কৃত্রিম প্রজনন ফি বাবদ টাকা ১০২৩৭৫/-।<br>লক্ষ্যমাত্রা অনুযায়ী উপজেলার গবাদি প্রাণিকে তড়কা রোগের টিকা প্রদান সম্পন্ন হয়েছে। এছাড়া ঘাস চাষ ও গবাদি পশু পাখি পালনের উপর প্রশিক্ষণ প্রদান ও পরামর্শমূলক কার্যক্রম অব্যাহত আছে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী উপজেলার সকল গবাদি প্রাণিকে তড়কা রোগের টিকা প্রদান নিশ্চিত করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উল্লাপাড়া |
| ০৫ | **উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া**<br>চলতি বছরে রবি মৌসুমে আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৩০৩৩৫ হেক্টর। ধান উৎপাদনে লক্ষ্যমাত্রা ১২৮০০০ মেঃ টন। এ পর্যন্ত ১৫২০ হেক্টর জমিতে বোরো ফসলের বীজতলা প্রস্তুত করা হয়েছে। উল্লেখ্য যে, রবি মৌসুমে সরিষা ফসল উৎপাদনে সহায়তা খাতে ১২৫ জন মৌচাষী ১৫০২৫ টি মৌবক্স স্থাপন করেছেন যেখান থেকে অদ্যাবধি ১৮২২৫০ কেজি মধু সংগ্রহ করা হয়েছে। | মধুর উৎপাদন বৃদ্ধিতে আগ্রহী মৌ চাষীদের উপজেলা কৃষি দপ্তরের পক্ষ হতে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, উল্লাপাড়া |

| | | | |
|---|---|---|---|
| ০৬ | **সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া**<br><br>সভায় উপস্থিত সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া জানান শুষ্ক মৌসুমে নদী নালা খাল বিলের পানি শুকিয়ে যায়, পাশাপাশি ইলেকট্রো ফিসিং এর মাধ্যমে মৎস্য আহরণের প্রবনতা যেন বৃদ্ধি না পায় সে জন্য সকলের সার্বিক সহযোগিতা একান্ত প্রয়োজন। এছাড়া অবৈধ চায়না দুয়ারী ও কারেন্ট জালের বিরুদ্ধে অভিযান অব্যাহত আছে। | উন্মুক্ত জলাশয়ের পানি সেচ দিয়ে মাছ আহরণ করার প্রবনতা রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, উল্লাপাড়া<br>ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া |
| ০৭ | **উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া**<br><br>১। ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি ও ইউডিএফ প্রকল্পের টেন্ডার প্রক্রিয়া শুরুর কার্যক্রম চলমান আছে। অল্প কিছুদিনের মধ্যে ইজিপি (এলটিএম) তে প্রকল্প করা হবে। জাইকা প্রকল্পের আওতায় গৃহীত পাবলিক লাইব্রেরি নির্মান কাজের কার্যাদেশ প্রদান করা হয়েছে এবং মধু রিফাইনিং মেশিন এর টেন্ডার সম্পন্ন করা হয়েছে কার্যাদেশ প্রদানের কার্যক্রম চলমান।<br><br>২। পিইডিপি-৪ প্রকল্পের আওতায় নতুন বিদ্যালয় ভবন নির্মানের লক্ষ্যে বারইয়া বিদ্যালয়ের জন্য ঠিকাদারকে কার্যাদেশ প্রদান করা হয়। জায়গার জটিলতার কারনে ভবনটি নির্মাণ করা সম্ভব হচ্ছে না। এছাড়া উক্ত প্রকল্পের আওতায় ২৫টি বিদ্যালয়ে সীমানা প্রাচীর নির্মানের লক্ষ্যে ঠিকাদার নিযুক্ত করা হয়। কিন্তু গাছ, জায়গা সংক্রান্ত জটিলতা ও ভবনের কারনে ০৭টি বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মাণ করা সম্ভব হচ্ছে না। বিদ্যালয়গুলো হলো ভেংড়ী সপ্রাবি, রহিমপুর সপ্রাবি, শাহজাহানপুর সপ্রাবি, পাঁচিলা সপ্রাবি, মাটিকোড়া সপ্রাবি, কয়ড়া সপ্রাবি, বাঘলপুর সপ্রাবি, হাটদেলুয়া সপ্রাবি)।<br><br>৩। ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি/ইউডিএফ তালিকাভুক্ত প্রকল্পসমূহের মধ্যে ক্রমিক নম্বর ৬৮ নং ক্রমিকে বর্নিত প্রকল্পটির পরিবর্তে সমপরিমান অর্থে ক্রমিক নম্বর ০১ এ বর্ণিত প্রকল্পের অবশিষ্ট অংশ করার জন্য চেয়ারম্যান হাটিকুমরুল ইউপি আবেদন জানিয়েছেন। এছাড়া ক্রমিক নম্বর ১৫৩ নং ক্রমিক বর্নিত প্রকল্পটির পরিবর্তে " তেতুলিয়া আবু তাহেরের বাড়ীর এলজিইডির রাস্তা হতে কবরস্থান বরাবর সিসি রাস্তা পাকাকরণ করার প্রকল্প গ্রহণের জন্য চেয়ারম্যান, বড়হর ইউপি আবেদন জানিয়েছেন। | ১। ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি ও ইউডিএফ প্রকল্পের টেন্ডারের কার্যক্রম দ্রুত সম্পন্ন করে কাজ শুরু করতে হবে।<br><br>২। গাছ, জায়গা সংক্রান্ত জটিলতা ও ভবনের কারনে যেসকল বিদ্যালয়ে সীমানা প্রাচীর নির্মাণ করা সম্ভব হচ্ছে না সেসকল বিদ্যালয়ে সরেজমিনে পরিদর্শন করে করণীয় নির্ধারনে উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়াকে দায়িত্ব প্রদান করা হয়।<br><br>৩। বিস্তারিত আলোচনান্তে এডিপি/ইউডিএফ তালিকাভুক্ত প্রকল্পসমূহের মধ্যে ক্রমিক নম্বর ৬৮ নং ক্রমিকে বর্নিত প্রকল্প টির পরিবর্তে সমপরিমান অর্থে ক্রমিক নম্বর ০১ নং ক্রমিক বর্ণিত প্রকল্পের অবশিষ্ট অংশ করার এবং ক্রমিক নম্বর ১৫৩ এর পরিবর্তে " তেতুলিয়া আবু তাহেরের বাড়ীর এলজিইডির রাস্তা হতে কবরস্থান বরাবর সিসি রাস্তা পাকাকরণ করার প্রকল্প গ্রহণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া<br><br>উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া<br><br>উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ০৮ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উল্লাপাড়া<br><br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উল্লাপাড়া নিম্নোক্তভাবে তার দপ্তরের কার্যক্রম তুলে ধরেন। প্রতিবেদনাধীন মাসে খাবার বড়ি বিতরণ নতুন ৪২৯ জন, কনডম নতুন ৭৬ জন, ইনজেকশন ৩৯২ জন, আইইউডি ৪৭ জন, ইমপ্লান্ট ৬০ জন, পুরুষ বন্ধ্যাকরণ ০৬ জন, মহিলা বন্ধ্যাকরণ ৩৭ জন। উপজেলায় মোট সক্ষম দম্পত্তি ১২৬৪১৭ জনের মধ্যে মোট ১০৩৮৮৯ জন জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণকারী। বর্তমানে উপজেলার ১৪টি ইউনিয়নের মোট ১১টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এবং একটি মা ও শিশুকল্যাণ কেন্দ্র, একটি এমসি এইচ ইউনিট চলমান ও সেবাদানের আওতায় আছে। হাটিকুমরুল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সেবাদান ভবন হাইওয়ে প্রশস্তকরণ কাজের জন্য ভাঙ্গা হয়েছে বর্তমানে সীমানা প্রাচীর না থাকায় উক্ত কেন্দ্রের জায়গা বেদখল হওয়াসহ নানাবিধ সমস্যার সৃষ্টি হচ্ছে। জনবলের সমস্যার কারনে পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম কিছুটি বিঘ্নিত হচ্ছে বলে উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উল্লাপাড়া জানান। | উদ্বুদ্ধমূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। শতভাগ জন্ম নিবন্ধন নিশ্চিত করতে গর্ভবতী মায়ের তথ্য প্রেরণ নিশ্চিত করতে হবে।<br><br>প্রয়োজনীয় সংখ্যক জনবল নিয়োগের জন্য উর্ধ্বতন যথাযথ কর্তৃপক্ষ বরাবর আবেদন প্রেরণ করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উল্লাপাড়া |

| | | | |
|---|---|---|---|
| ০৯ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া**<br>তিনি বলেন নতুন কারিকুলাম বাস্তবায়নে ১২১৭ জন শ্রেণি শিক্ষককে ০৭ দিন ব্যাপী প্রশিক্ষণ ১৭-২৪ ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত এইচ টি ইমাম গার্লস স্কুল এন্ড কলেজ এ সম্পন্ন হয়েছে। প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীদের সম্মানীভাতা বিইএফটিএন হতে তাদের হিসাব নম্বরে ইতোমধ্যেই প্রেরণ করা হয়েছে। অষ্টম শ্রেণি তিনটি বিষয়ের পাঠ্য বই ব্যতিত সকল পাঠ্য বই বিতরণ সম্পন্ন হয়েছে। ৫১তম জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান গত ১৮-০১-২০২৪ খ্রি. তারিখ শেষ হয়েছে।<br>চলতি শীত মৌসুমে তাপমাত্রা ১০ ডিগ্রী সেলসিয়াস এর নিচে নামলেই শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখার জন্য সরকারি নির্দেশনা রয়েছে। বিষয়টির বহুল প্রচার নিশ্চিত করার জন্য উপস্থিত জনপ্রতিনিধিগণকে অনুরোধ জানান। | শিক্ষা প্রতিষ্ঠানসমূহের পরিদর্শন প্রতিবেদন নিয়মিত মাসিক সভায় উপস্থাপন করা হচ্ছে না। বিদ্যালয় পরিদর্শন প্রতিবেদন নিয়মিত মাসিক সভায় উপস্থাপন নিশ্চিত করতে হবে।<br>সরকারি নির্দেশনা মোতাবেক শীত মৌসুমে তাপমাত্রা ১০ ডিগ্রী সেলসিয়াস এর নিচে নামলেই শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১০ | **উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া**<br>তিনি বলেন ২০২৪ শিক্ষাবর্ষের প্রাপ্ত বই ইতোমধ্যে সর্কল শিক্ষার্থীদের মাঝে আনুষ্ঠানিক বই উৎসবের মধ্যদিয়ে পৌছে দেওয়া হয়েছে। শ্রেণি পাঠদান কার্যক্রম চলমান আছে। উল্লেখ্য যে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর হতে প্রদত্ত প্রজ্ঞাপন অনুযায়ী চলমান শৈতপ্রবাহ জনিত কারণে তাপমাত্রা ১০ ডিগ্রী সেলসিয়াসের নিচে হলে কর্তৃপক্ষের সাথে আলোচনা সাপেক্ষে শ্রেণি পাঠদান কার্যক্রম বন্ধ রাখতে হবে। | সরকারি নির্দেশনা মোতাবেক শীত মৌসুমে তাপমাত্রা ১০ ডিগ্রী সেলসিয়াস এর নিচে নামলেই শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১১ | **জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক কমিটি ঃ**<br>২০২৩-২০২৪ অর্থ বছরে উল্লাপাড়া উপজেলায় ২২৪ টি তারা অগভীর নলকূপের জন্য কার্যাদেশ দেওয়া হয় কিন্তু ঠিকাদার কর্তৃক যথাসময়ে মালামাল সরবরাহ না করায় কাজ শুরু করা সম্ভব হয়নি। তবে আগামী ফেব্রুয়ারি, ২০২৪ মাসের মধ্যে কাজ শুরু করা যাবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।<br>প্রাপ্ত নলকূপ বিতরণের জন্য প্রতিটি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের অনুকূলে ১৩টি নলকূপ, মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের অনুকূলে প্রতিটি ইউনিয়নে ১৩টি করে মোট ১৮২টি নলকূপ বিতরণ করার বিধান রয়েছে। উক্ত নীতিমালা অনুযায়ী তালিকা প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানগণকে সভার মাধ্যমে জানানো হয়। | কার্যাদেশ প্রাপ্ত ঠিকাদার মালামাল যথাসময়ে মালামাল সরবরাহে ব্যর্থ হলে তার বিরুদ্ধে বিধিগত ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>দ্রুততম সময়ের মধ্যে নীতিমালা অনুযায়ী বিভাজন সম্পন্ন করতে হবে। | উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য উল্লাপাড়া |
| ১২ | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া ঃ**<br>১। ভিডাব্লিউবি কর্মসূচি : ভিডাব্লিউবি কর্মসূচির জানুয়ারি, ২০২৪ থেকে ডিসেম্বর, ২০২৪ পর্যন্ত বরাদ্দ আদেশ পাওয়া যায়নি। বিধায় জানুয়ারি, ২০২৪ মাসের ডিও দেওয়া সম্ভব হয়নি। বরাদ্দ আদেশ পাওয়ার সাথে সাথে ডিও প্রদান করা হবে। উপ পরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ মহোদয় কর্তৃক প্রতিটি ইউনিয়নে ভিডাব্লিউবি ভাতাভোগীদের জন্য নিবন্ধনের নতুন ছক প্রদান করা হয়েছে । প্রদত্ত ছক মোতাবেক ভাতাভোগীরে জন্ম নিবন্ধন সম্পন্ন করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া অনুরোধ জানান।<br>মা ও শিশু সহায়তা কর্মসূচির সকল উপকারভোগীদের পাশাপাশা তাদের পরিবারের সদস্যদের অনলাইন জন্ম নিবন্ধনের ফটোকপি দ্রুততম সময়ের মধ্যে উপজেলা মহিলা বিষয়ক দপ্তরে প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | দ্রুততম সময়ের মধ্যে সকল ভাতাভোগীদের অনলাইন জন্ম নিবন্ধন সম্পন্ন করে সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া |
| ১৩ | **সমাজ সেবা কর্মকর্তা, উল্লাপাড়া**<br>উপজেলা সমাজ সেবা দপ্তরের ভাতাভোগীদের লাইভ ভ্যারিফিকেশনে অনুপস্থিত ব্যক্তি এবং মৃত ভাতাভোগীদের স্থলে নতুন ভাতার প্রতিস্থাপন তালিকা জমা দেওয়ার জন্য ইউপি চেয়ারম্যানগণকে | সকল ভাতাভোগীদের অনলাইন জন্ম নিবন্ধন দ্রুততম সময়ের মধ্যে সম্পন্ন করতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, উল্লাপাড়া |

| | | | |
|---|---|---|---|
| | প্রতিস্থাপন তালিকা জমা দেওয়ার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান।<br>প্রতিবন্ধী ভাতার জন্য ৭৭১ জনের বরাদ্দ পাওয়া গেছে। যে সকল প্রতিবন্ধী ভাতার জন্য অনলাইনে আবেদন করেছেন তাদের নামের তালিকা উপজেলা সমাজ সেবা দপ্তরে জমা দেওয়ার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উল্লাপাড়া ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া |
| ১৪ | **উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, উল্লাপাড়া ঃ**<br>অত্র উপজেলায় ৭৫ জন প্রশিক্ষণপ্রাপ্ত আনসার সদস্য নিয়োজিত আছে। দ্বাদশ জাতীয় নির্বাচন উপলক্ষ্যে উপজেলার ১৩৭ টি ভোট কেন্দ্রে ১৬৭৪ জন আনসার সদস্য তাদের দায়িত্ব পালন করেছেন। | উপজেলার কেপিআই, রেল লাইন, বাস লাইন, পল্লী বিদ্যুৎ, সামিট পাওয়ার প্লান্ট, পাট বন্দর, উল্লাপাড়া বাজার সহ অন্যান্য গুরুত্বপূর্ণ স্থাপনার নিরাপত্তায় আনসার সদস্যদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা। |
| ১৫ | **উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া জানান, প্রতিবেদনাধীন মাসে যুব ঋণ বিতরণ ১০,০০,০০০/ টাকা। চলতি অর্থ বছরে যুব ঋণ বিতরণ ২৭,৬০,০০০/- টাকা। ক্রমপুঞ্জিত যুব ঋণ বিতরণ ৫,১৯,০০,০০০/- টাকা। প্রতিবেদনাধীন মাসে আদায়যোগ্য ঋণের পরিমান ২৪৪৭১০/- টাকা। যুব প্রশিক্ষণ পুরুষ ৩৪৪৩ জন, মহিলা ২৪২৫। আত্মকর্মী পুরুষ ২৮৬৩ জন, মহিলা ৯৩০ জন। ৬০ জন বেকার যুব ও যুব মহিলাকে স্থানীয় চাহিদার ভিত্তিতে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্সে (গাভী পালন বিষয়ে) প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ০৯ জন প্রশিক্ষিত যুব ও যুব মহিলাকে ১০,০০,০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে । | ঋণ বিতরণ কার্যক্রমে স্বচ্ছতা বজায় রাখাসহ আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগীদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে সময়পোযোগী প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৬ | **উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া**<br>তিনি বলেন উপজেলা পল্লী উন্নয়ন দপ্তরের আওতায় ০৭টি প্রকল্পের কাজ করা হয়। তন্মোধ্যে ০৬টি প্রকল্পের আওতায় ঋণ বিতরণ করা হয় । এছাড়া পিআরডিপি-৩ প্রকল্পের মাধ্যমে ছোট ছোট নির্মান কাজ করা হয়। ঋণ কার্যক্রমে মুক্তিযোদ্ধা প্রকল্পে ৩৮০০০০/- টাকা খেলাপী রয়েছে। অন্যান্য ঋণ কার্যক্রমে কোন খেলাপী নাই। ঋণ আদায় সন্তোষজনক। গত মাসে ০৬টি সমিতির ৯৪ জন সদস্যের মাঝে ২৫৮,২৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। চলতি অর্থ বছরে ঋণ বিতরণের পরিমান ১,১৯,৫৭,০০০/- টাকা। বিগত মাসে ঋণ আদায়ের পরিমান ১১,৪৮,০০০/- টাকা এবং চলতি অর্থ বছরে ঋণ আদায়ের পরিমান ১,১২,৪১,০০০/- টাকা। পিআরডিপি-৩ প্রকল্পটি চলতি অর্থ বছরে অনুমোদনের অপেক্ষায় আছে। উপজেলা পল্লী উন্নয়ন দপ্তরের কেন্দ্রীয় সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির নির্বাচন ০৮-০২-২০২৪ খ্রি. তারিখ অনুষ্ঠিত হবে। সকলের সার্বিক সহযোগিতার জন্য অনুরোধ জানান। | ঋণ বিতরণে আশ্রয়ন প্রকল্পের সুবিধাভোগীদের অগ্রাধিকার প্রদানের মাধ্যমে তাদের আত্মকর্মসংস্থান সুযোগ সৃষ্টি করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৭ | **উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া**<br>উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া জানান, আসন্ন বর্ষা মৌসুমে শ্রীকোলা হতে ধামাইকান্দি রাস্তায় গাছ লাগানোর কার্যক্রম বাস্তবায়ন করা হবে। উক্ত রাস্তায় কর্তনকৃত গাছের একটি লটের মূল্য পরিশোধ না হওয়ায় বনায়ন করাসহ অংশীদার পক্ষসমূহের মাঝে শেয়ার বিতরণ কার্যক্রম স্থগিত ছিল। বর্তমানে অবশিষ্ট লটের গাছ কাটা শেষ হওয়ায় শেয়ার বিতরণ কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। ২০২৩-২০২৪ আর্থিক সনে রামকৃষ্ণপুর ইউনিয়নের নলুয়াদিঘী হতে চকনিহাল প্রাথমিক বিদ্যালয় এবং নলুয়াদিঘী হতে খোর্দ্দসিমলা বাজার পর্যন্ত রাস্তায় গাছ লাগানোর কর্মসূচি বাস্তবায়ন করা হবে। | উপজেলার আশ্রয়ণ প্রকল্পগুলোতে প্রয়োজনীয় সংখ্যক বৃক্ষ রোপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, উল্লাপাড়া |
| ১৮ | **আইসিটি অধিদপ্তর, উল্লাপাড়া, সিরাজগঞ্জ**<br>হার পাওয়ার প্রকল্পের আওতায় আইটি সেবাদাতা ক্যাটাগরির ০৪টি | ল্যাব প্রাপ্ত সকল শিক্ষা প্রতিষ্ঠানে রাত্রিকালিন নিরাপত্তা জোরদার করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, |

| | | | |
|---|---|---|---|
| | আছে। গত ২৩-১২-২০২৩ তারিখে ৮০ জন প্রশিক্ষণার্থীকে প্রকল্প দপ্তর থেকে ল্যাপটপ বিতরণ করা হয়েছে।<br>উপজেলার মোট ২৬টি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। নতুন শিক্ষাবর্ষে ল্যাবসমূহের ব্যবহার বৃদ্ধিকরনে প্রতিষ্ঠানগুলোকে তাগিদ প্রদান করা হয়েছে। উপজেলা ওয়েব পোর্টাল হালনাগাদ করণের কাজ চলমান আছে। সাব রেজিস্ট্রি অফিস, সেটেলমেন্ট অফিস, বিএডিসি অফিস ও ইউনিয়ন ওয়েপ পোর্টালগুলো হালনাগাদ করা প্রয়োজন। | সহকারী প্রোগ্রামার, উল্লাপাড়া এর সাথে সমন্বয় পূর্বক দ্রুততম সময়ের মধ্যে উপজেলা ওয়েব পোর্টাল এবং ইউনিয়ন ওয়েব পোর্টালগুলো হালনাগাদ করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান এবং ইউপি সচিব (সকল), ইউপি, উল্লাপাড়া |
| ১৯ | **সহকারী প্রকৌশলী (ক্ষুদ্র সেচ) বিএডিসি, উল্লাপাড়া**<br><br>উল্লাপাড়া উপজেলায় ১৮১ টি সেচ যন্ত্র চালু আছে। চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে লক্ষ্যমাত্রা অনুযায়ী এল.এল.পি স্থাপনের জন্য স্কিম সংগ্রহের কাজ চলমান রয়েছে। আসন্ন বোরো মৌসুমে সেচযন্ত্রের ট্রান্সফরমারগুলো মেরামতের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে জিএম, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ কে অনুরোধ জানান। | ট্রান্সফর্মার মেরামত সেবা দ্রুততম সময়ের মধ্যে প্রদান নিশ্চিত করতে হবে।<br>লক্ষ্যমাত্রা অনুযায়ী এল.এল.পি স্থাপনের কাজ সম্পন্ন করতে হবে। | জিএম, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১<br><br>সহকারী প্রকৌশলী, বিএডিসি, উল্লাপাড়া |
| ২০ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)**<br><br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) প্রকল্পের আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরে গৃহীত প্রকল্পের কাজ শেষ করে বিল ভাউচার প্রেরণ করার ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভাকে অবহিত করেন। স্থায়ী কমিটির সভাসমূহ নিয়মিত আয়োজন নিশ্চিত করাসহ সভার কার্যবিবরণী নিয়মিত উপজেলা ওয়েব পোর্টালে আপলোড করার জন্য সম্মানিত ভাইস চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | জাইকা প্রকল্পের কাজ যথাসময়ে মধ্যে সম্পন্ন করে কাজের গুনগত মান যাচাইঅন্তে চুড়ান্ত বিল পরিশোধের ব্যবস্থা করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ২১ | **ইউপি চেয়ারম্যান, মোহনপুর ইউপি**<br>তিনি বলেন তার ইউনিয়নের কালিয়াকৈড় রাস্তাটি মেরামত করা প্রয়োজন। এছাড়া মোহনপুর বালিকা উচ্চ বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | সরেজমিনে পরিদর্শন করে কালিকাকৈড় রাস্তাটি মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ২২ | **ইউপি চেয়ারম্যান, রামকৃষ্ণপুর ইউপি**<br>তিনি বলেন তার ইউনিয়নের উনুখা উচ্চ বিদ্যালয়ের পাশে একটি দিঘি আছে। দিঘীর পাড় ভেঙ্গে পড়ার কারনে উনুখা উচ্চ বিদ্যালয়টি ঝুকির মুখে রয়েছে। পুকুরের পাড় বাধাই করে বিদ্যালয়টি রক্ষায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। চৈত্রহাটি শ্রী শ্রী জগদিশ্বরী মাতা মন্দিরের জমি নিয়ে প্রায়শই বিরোধ সৃষ্টি হয়। বিরোধ মিমাংসা জমি সংক্রান্ত সুষ্ঠ ব্যবস্থাপনা নিশ্চিত করতে উপজেলা প্রশাসনকে অনুরোধ জানান। | সরেজমিনে পরিদর্শন করে উনুখা উচ্চ বিদ্যালয়ের পাশের দিঘীটির পাড় মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| ২৩ | **ইউপি চেয়ারম্যান, হাটিকুমরুল ইউপি**<br><br>তিনি বলেন তার ইউনিয়নে টিসিবি'র কার্ড বিতরণের কিছুটা ভুল ভ্রান্তি রয়েছে একজনের কার্ড অন্য একজনকে দেওয়া হয়েছে। উক্ত সমস্যা সমাধানের সুযোগ প্রদানের জন্য অনুরোধ জানান। | বিতরণকৃত কার্ডসমূহ ফিরত নিয়ে উপযুক্ত ব্যক্তির অনুকূলে কার্ড বিতরণ নিশ্চিত করতে হবে। | চেয়ারম্যান, হাটিকুমরুল ইউপি, উল্লাপাড়া |
| ২৪ | **ইউপি চেয়ারম্যান, বাঙ্গালা ইউপি**<br><br>তিনি বলেন তার ইউনিয়নে অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির আওতায় যে কাজ করা হয়েছে উক্ত কাজের শ্রমিকরা তাদের মজুরী অদ্যাবধী পায়নি। দ্রুততম সময়ের মধ্যে উক্ত শ্রমিকদের মজুরী পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উল্লাপাড়াকে অনুরোধ জানান। | অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির আওতায় শ্রমিকদের মজুরী দ্রুততম সময়ের মধ্যে পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উল্লাপাড়া |
| ২৫ | **ইউপি চেয়ারম্যান, সলপ ইউপি**<br><br>তিনি বলেন তার ইউনিয়নের সোনতলা ব্রীজ সংলগ্ন শেখ রাসেল মিনি স্টেডিয়াম এবং পর্যটন কেন্দ্র বর্তমানে অবহেলায় পড়ে রয়েছে। উল্লাপাড়া-বেলকুচি সংযোগ সড়ক মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া তার ইউনিয়ন পরিষদ ভবনে সুপেয় পানির জন্য | সলপ ইউনিয়নে অবস্থিত শেখ রাসেল মিনি স্টেডিয়াম ও পর্যটন কেন্দ্র সচল করতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, সলপ ইউপি, উল্লাপাড়া |

| | | | |
|---|---|---|---|
| | একটি সাব মারসিবল পাম্প বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ জানান। | | |
| ২৬ | **উপজেলা পরিষদের আয়-ব্যয়ের উপর আলোচনা ঃ**<br>উপজেলা পরিষদের আয়-ব্যয়ের উপর আলোচনা করা হয়। আলোচ্য জানুয়ারি/২০২৪ মাসে সম্ভাব্য মোট ৩,০০,০০০/- টাকা রাজস্ব খাতে আয় হবে এবং ব্যয় হবে আপ্যায়ন, আনুষাংগিক বিল ভাতা খাতে ৩৫০০০/- টাকা। জানুয়ারি, ২০২৪ মাসের বিদ্যুৎ বিল বাবদ ২৬১৬১/- টাকা । মালী উপজেলা পরিষদ এর জানুয়ারি, ২০২৪ মাসের ৩০ দিনের পারিশ্রমিক বাবদ ১৬৫০০/- টাকা এবং সুইপার মোঃ আরিফ আলীর জানুয়ারি, ২০২৪ মাসের ৩০ দিনের পারিশ্রমিক বাবদ ১৫০০০/- টাকা পরিশোধ করা প্রয়োজন। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কাঠের চেয়ার ক্রয় বাবদ ২৪৮০০/- টাকার ভাউচার পাওয়া গেছে। সদ্য যোগদানকৃত প্রশাসনিক কর্মকর্তার রুমে ব্যবহারের জন্য টেবিল ক্রয় বাবদ ২৫,০০০/- টাকার এবং চেয়ার ক্রয় বাবদ ২৫০০০/- টাকার ভাউচার পাওয়া গেছে। উক্ত ব্যয় যথাযথ হওয়ায় তা পরিশোধ করা প্রয়োজন। | আলোচ্য জানুয়ারি, ২০২৪ মাসের ব্যয় যথাযথ হওয়ায় তা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। | হিসাব সহকারী, ইউএনও অফিস |
| ২৭ | **উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া ঃ**<br>১। উপজেলার সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে তাদের স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ রাখার জন্য পুনরায় অনুরোধ জানান। | বিভাগীয় কর্মকর্তাগণ তাদের স্ব স্ব দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করণ নিশ্চিত করবেন। | বিভাগীয় কর্মকর্তাগণ |
| | ২। উপজেলা মহিলা বিষয়ক দপ্তরের ভিডাব্লিউবি কর্মসূচির আওতায় সুবিধাভোগীদের সঞ্চয়ের মুনাফা যথাসময়ের মধ্যে বিতরন নিশ্চত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া সমাজ সেবা দপ্তরের অধীনে ২০২৩-২০২৪ অর্থ বছরে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সকল সুবিধাভোগীদের ভাতা কার্ড একটি নির্ধারিত দিন ধার্য করে স্ব স্ব ইউনিয়নে গিয়ে বিতরণ করার ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, উল্লাপাড়াকে অনুরোধ জানানো হয়। | ২০২৩-২০২৪ অর্থ বছরে সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সকল সুবিধাভোগীদের ভাতা কার্ড একটি নির্ধারিত দিন ধার্য করে স্ব স্ব ইউনিয়নে গিয়ে বিতরণ করার ব্যবস্থা গ্রহন করতে হবে। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, উল্লাপাড়া |
| | ৩। উপজেলা সমাজ সেবা দপ্তর, উপজেলা মহিলা বিষয়ক দপ্তরসহ অন্য যে সকল দপ্তরের আওতায় সামাজিক নিরাপত্তা বেষ্টিনী কর্মসূচির আওতায় উপকারভোগী রয়েছেন তাদের অনলাইন জন্ম নিবন্ধন শতভাগ সম্পন্ন করতে ইউপি চেয়ারম্যানগণকে এই সভার মাধ্যমে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজ সেবা দপ্তর, উপজেলা মহিলা বিষয়ক দপ্তরসহ অন্যান্য দপ্তরের আওতায় সামাজিক নিরাপত্তা বেষ্টিনী কর্মসূচির আওতায় উপকারভোগীদের অনলাইন জন্ম নিবন্ধন শতভাগ নিশ্চিত করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া |
| ২৮ | **চেয়ারম্যান (অস্থায়ী), উপজেলা পরিষদ, উল্লাপাড়া**<br>তিনি ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি/রাজস্ব উদ্বৃত্ত খাতের প্রকল্পসমূহ কাজ দ্রুত শুরু করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। | ২০২৩-২০২৪ এডিপি/রাজস্ব উদ্বৃত্ত খাতের প্রকল্পসমূহ দ্রুততম সময়ের মধ্যে শুরু করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী, উল্লাপাড়া |
| | ২। হাটিকুমরুল নিউ টাউন হাট বাজারটি পার্শ্ববর্তী রায়গঞ্জ উপজেলার কুতুবের চর মৎস্য আড়তের কারণে ক্ষতিগ্রস্থ হচ্ছে। রায়গঞ্জ উপজেলার কুতুবের চর মৎস্য আড়তটি যেহেতু যথাযথ বিধি নিয়ম অনুসরণ না করেই গড়ে উঠেছে সেহেতু জেলা প্রশাসক, সিরাজগঞ্জ মহোদয়ের হস্তক্ষেপের মাধ্যমে অবৈধভাবে গড়ে ওঠা কুতুবের চর মৎস্য আড়ত বন্ধ করে দিলে হাটিকুমরুল নিউ টাউন হাট বাজারটি পুনরায় সচল হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং জেলা উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভায় এই বিষয়ে জানানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | বিধি বহির্ভূতভাবে গড়ে ওঠে রায়গঞ্জ উপজেলার কুতুবের চর মৎস্য আড়ৎ বন্ধ করতে জেলা উন্নয়ন সমন্বয় কমিটির মাসিক সভায় উথাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হল। | উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ |
| | ৩। উল্লাপাড়া উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবন এবং অডিটরিয়াম ভবন নির্মানের জন্য নির্ধারিত স্থানে (বর্তমানে পুকুর) বালি দ্বারা ভরাট করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ মহোদয়ের সহযোগিতায় পানি উন্নয়ন বোর্ডের মাধ্যমে নদী সংস্কার থেকে উত্তোলিত বালি উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন ও উপজেলার অডিটরিয়াম ভবন নির্মানের জন্য নির্ধারিত স্থানে ভরাটের জন্য জেলা প্রশাসক, সিরাজগঞ্জ মহোদয়কে অনুরোধ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে জেলা প্রশাসক, সিরাজগঞ্জ মহোদয়ের সহযোগিতায় পানি উন্নয়ন বোর্ডের মাধ্যমে নদী সংস্কার থেকে উত্তোলিত বালি দ্বারা উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবন ও উপজেলার অডিটরিয়াম ভবন নির্মানের জন্য নির্ধারিত স্থানে ভরাট করার জন্য জেলা প্রশাসক, সিরাজগঞ্জ মহোদয়কে অনুরোধ জানানোর বিষয়ে | উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ |

| | | | |
|---|---|---|---|
| | অনুরোধ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | মহোদয়কে অনুরোধ জানানোর বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| ২৯ | **মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৬৫ সিরাজগঞ্জ ৪**<br><br>সভায় উপস্থিত উপজেলা পরিষদ মাসিক সভার সম্মানিত প্রধান উপদেষ্টা ও মাননীয় জাতীয় সংসদ সদস্য ৬৫, সিরাজগঞ্জ ৪ জানান দ্রুততম সময়ের মধ্যে উপজেলার প্রতিটি ইউনিয়নে কোন কোন কাজ অসম্পন্ন রয়েছে, কোন রাস্তার কাজ বেশি গুরুত্বপূর্ণ তার তালিকা প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে নির্দেশনা প্রদান করেন। গয়হাট্টা সালেহা ইসহাক স্কুলে উদ্ভুত সমস্যা সমাধানে সুষ্ঠু তদন্ত করে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, উল্লাপাড়াকে অনুরোধ জানান। | দ্রুততম সময়ের মধ্যে কোন কোন কাজ অসম্পূর্ণ রয়েছে এবং কোন কোন দ্রুত বেশি গুরুত্বপূর্ণ তার তালিকা প্রস্তুত পূর্বক জমা প্রদান নিশ্চিত করতে হবে। | ইউপি চেয়ারম্যান (সকল), উল্লাপাড়া |
| | উল্লাপাড়া পৌর শহরের তেতুলতলা মোড় হতে গুলিস্তান পর্যন্ত রাস্তায় বিদ্যমান ব্রীজ দুটি ভেঙ্গে সেখানে একটি গোলচত্ত্বর নির্মানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, উল্লাপাড়া পৌরসভাকে নির্দেশনা প্রদান করেন। | পৌর শহরের তেতুলতলা মোড় হতে গুলিস্তান পর্যন্ত রাস্তায় বিদ্যমান ব্রীজ দুটি ভেঙ্গে সেখানে একটি গোলচত্ত্বর নির্মানের বিষয়ে যে নির্দেশনা রয়েছে তার কারিগরী যথার্থতা যাচাই বাছাই করতে হবে। | মেয়র, উল্লাপাড়া পৌরসভা |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

(মোঃ মনিরুজ্জামান)
চেয়ারম্যান(অস্থায়ী)
উপজেলা পরিষদ
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
উল্লাপাড়া, সিরাজগঞ্জ।

স্মারক নম্বর : ০৫.৪৩.৮৮৯৪.০০৫.০৬.০০২.২৩-৯১ তারিখ : ২২-০১-২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

১। মাননীয় জাতীয় সংসদ **সদস্য**, ৬৫ সিরাজগঞ্জ ৪, উল্লাপাড়া।
২। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
৪। চেয়ারম্যান (অস্থায়ী), উপজেলা পরিষদ উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৫। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৬। মেয়র, উল্লাপাড়া পৌরসভা।
৭। উপজেলা ---------------------------------------------------------------কর্মকর্তা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৮। চেয়ারম্যান, ---------------------------------------------------------------------------- উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
৯। অফিস কপি।

২২.০১.২৪

(সানজিদা সুলতানা)
উপজেলা নির্বাহী অফিসার
উল্লাপাড়া, সিরাজগঞ্জ